

বিষয়ঃ ডেপুটি চীফ ফিন্যান্স অফিসারের কার্যালয়ে ব্যবহৃত প্রিন্টার ও ফটোকপি মেশিনের এর টোনার ক্রয়ের জন্য অস্থায়ী অগ্রিম অনুমোদন প্রসঙ্গে।

১৩। ঢাকা ওয়াসার ডেপুটি চীফ ফিন্যান্স অফিসারের কার্যালয় কর্তৃক ভ্যাট ট্যাক্স, প্রকল্প বিল ও স্থায়ী সম্পদের কার্যক্রম পরিচালিত হয়। উক্ত কার্যক্রম পরিচালনার জন্য বিল ভাউচার, চালান কপি, ব্যাংক এডভাইস প্রস্তুত ইত্যাদি কাজে প্রতিনিয়ত উল্লেখযোগ্য পরিমাণে প্রিন্ট করতে হয়। কিন্তু বর্তমানে ফিন্যান্স বিভাগে ব্যবহৃত ৪টি প্রিন্টার ও ১টি ফটোকপি মেশিনের টোনার এর কালি শেষ হওয়ায় প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রিন্ট করা যাচ্ছেনা বিধায় দৈনন্দিন কাজে ব্যাঘাত ঘটছে। চাহিত টোনারগুলো সরবরাহ করার জন্য কমন সার্ভিস বিভাগকে বারংবার অনুরোধ করা হলেও উক্ত প্রিন্টার ও ফটোকপি মেশিনের মডেল অনুযায়ী টোনার না থাকায় কমন সার্ভিস বিভাগ সরবরাহ করতে পারছে না।

এমতাবস্থায় ফিন্যান্স বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য জরুরি ভিত্তিতে প্রিন্টার ও ফটোকপি মেশিনের টোনার ক্রয় করা প্রয়োজন।

নিম্নে প্রিন্টার ও ফটোকপি মেশিনের টোনারের সম্ভাব্য মূল্য উল্লেখ করা হলঃ

ক্রঃ নং	প্রিন্টারের মডেল নাম	টোনারের পরিমাণ	দর	মোট টাকা
ক	খ	গ	ঘ	ঙ
১.	Toshiba-Studio 2528A	১টি	১১,৫০০/-	১১,৫০০/-
২.	Hp-76/a	৬ টি	১,৯০০/-	১১,৪০০/-
৩.	Hp-26/a	১ টি	১,৯০০/-	১,৯০০/-
	মোট			২৪,৮০০/-

১৪। এমতাবস্থায়, ডেপুটি চীফ ফিন্যান্স অফিসারের কার্যালয় এর প্রিন্টার ও ফটোকপি মেশিনের টোনার ক্রয় বাবদ ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত) টাকা পিপিআর-২০২৫ এর ১০০(১) বিধি মোতাবেক সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত ব্যয় ফিন্যান্স বিভাগ -এর অনুকূলে বরাদ্দকৃত বাজেটের ক্রমিক নং-০৬ এ বাজেট কোড-০১-০২-০২৩ “কম্পিউটার রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করত, তা ডেপুটি চীফ ফিন্যান্স অফিসার, ঢাকা ওয়াসা-এর অনুকূলে অস্থায়ী অগ্রিম প্রদানের অনুমোদন দেওয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

১৫। অনুচ্ছেদ-১৪ এ উল্লেখিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। যা উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১৬। সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

Sayant
20.05.26
সায়ন্তী মজুমদার পণ্ডিত
সহকারী কর্মকর্তা (ফিন্যান্স ও ভ্যাট-ট্যাক্স)
ফিন্যান্স বিভাগ
ঢাকা ওয়াসা

লিটন রায়
কর্মকর্তা (ফিন্যান্স ও ভ্যাট-ট্যাক্স)
ফিন্যান্স বিভাগ
ঢাকা ওয়াসা

20.05.26
মোঃ আনিসুর রহমান পাটোয়ারী
ডেপুটি চীফ ফিন্যান্স অফিসার
ফিন্যান্স বিভাগ
ঢাকা ওয়াসা

20.05.26
মোঃ সালেহুর রহমান
প্রধান হিসাব সঞ্চালক কর্মকর্তা (চঃ দাঃ)
একিউন্ট ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।

20.05.2026
মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত)
উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।